গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ
**www.doict.shailkupa.jhenaidah.gov.bd**

| | |
|---|---|
| সভাপতি | স্নিগ্ধা দাস<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৩-০৯-২০২৫ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শৈলকুপা, ঝিনাইদহ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এ উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়নে আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **০১। গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :** সভাপতির অনুমতিক্রমে উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা কর্তৃক আগস্ট, ২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদিত হলো। | |
| **০২। মাল্টিমিডিয়া ক্লাসরুমঃ** একাডেমিক সুপারভাইজার, শৈলকুপা, ঝিনাইদহ জানান আগস্ট, ২০২৫ মাসে উচ্চমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে ৯০ টি শিক্ষাপ্রতিষ্ঠানে ৩০০টি মাল্টিমিডিয়া ক্লাস হয়। | ১। নষ্ট / মেরামতযোগ্য কম্পিউটার সামগ্রী স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠান নিজ খরচে মেরামত করবে।<br>২। প্রতিমাসে শিক্ষাপ্রতিষ্ঠান ওয়ারি মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যার রিপোর্ট দিতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা/ স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান |

| | | |
|---|---|---|
| | ১। ১৪ টি ইউনিয়ন পরিষদের সকল ইউডিসি উদ্যোক্তাগনকে সভায় উপস্থিত থাকতে হবে।<br>২। জন্ম নিবন্ধন সংশোধনের ক্ষেত্রে প্রাথমিকভাবে কাগজপত্র যাচাই করে আবেদন করতে হবে।<br>৩। জন্মতারিখ সংশোধনের ক্ষেত্রে আবেদনকারিকে সঠিক কাগজপত্র নিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে যাচাইকরণের জন্য পাঠাতে হবে। উপজেলা থেকে যাচাইকরণের পর ইউনিয়ন পরিষদ জন্মতারিখ সংশোধনের আবেদন গ্রহণ করবে।<br>৪। শৈলকুপা উপজেলায় ১৪ টি ইউনিয়ন পরিষদের উদোক্তাগণকে আয় রেজিস্টার খুলতে হবে।<br>৫। উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপার নির্দিষ্ট সেবামূল্য তালিকা করতে হবে।<br>৬। জন্ম-মৃত্যু নিবন্ধন অনলাইন আবেদনের ক্ষেত্রে উদ্যোক্তাগণ, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপার একই আবেদন ফি নিতে হবে।<br>৭। যে সকল ইউনিয়ন পরিষদে উদ্যোক্তা নেই সেই সকল পরিষদে উদ্যোক্তা নিয়োগের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা/ ইউডিসি উদ্যোক্তাগণ, শৈলকুপা |

| | | |
|---|---|---|
| **০৪। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ:** আলোচনা চলাকালে সভাপতি জানান, সংশ্লিষ্ট অফিস তাদের তথ্য ওয়েব পোর্টালে সন্নিবেশ করে হালনাগাদ করবেন। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবেন। ওয়েব পোর্টাল হালনাগাদকরণ একটি চলমান প্রক্রিয়া। এটি সব সময় হালনাগাদ করা প্রয়োজন। উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা জানান, ইউনিয়ন পোর্টাল হালনাগাদকরণের জন্য ইতোমধ্যে চিঠি প্রদান করা হয়েছে। তিনি আরো জানান, উপজেলা পোর্টাল, সরকারি অফিসে অন্তর্ভূক্ত স্ব স্ব দপ্তর ও ইউনিয়ন পোর্টালে সিকিউরিটির কারণে Two factor authentication system চাল হয়েছে যার কারণে লগইন করার জন্য অনুরোধ করলে একটি ওটিপি স্ব স্ব পোর্টালে দেওয়া ইমেইলে যাচ্ছে। | ১। বিগত সরকারের ব্যনার পরবর্তন করতে হবে।<br>২। ওয়েব পোর্টালে অন্তর্ভুক্ত সকল দপ্তর দ্রুত তথ্য হালনাগাদ করবেন।<br>৩। স্ব স্ব দপ্তরের ভাতাভোগীদের তালিকা, নোটিশ, খবর আপডেট করতে হবে।<br>৪। সকল দপ্তর সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে সেবাবক্স আকারে আপলোড করবে।<br>৫। সিকিউরিটির কারণে ওয়েব পোর্টালের পাসওয়ার্ড ৩/৪ মাস অন্তর অন্তর পরিবর্তন করতে হবে।<br>৬। লগইন করতে সমস্যা হলে উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপার সাথে যোগাযোগ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা ঝিনাইদহ।<br>স্ব স্ব দপ্তর/<br>উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা ঝিনাইদহ, প্রশাসনিক কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ(সকল), শৈলকুপা। |
| **০৫। ডি-নথিকার্যক্রমের বৃদ্ধিকরণ :** উপজেলা আইসিটি অফিস, শৈলকুপা সভায় জানান, উপজেলায় ১৩টি দপ্তর এখন ডি-নথির আওতাভুক্ত। | ১। ডি-নথি/ ই-নথিতে সম্পৃক্ত সকল দপ্তরকে ই-নথি কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার শৈলকুপা, ঝিনাইদহ/<br>স্ব স্ব দপ্তর/<br>উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ। |
| **০৭। ইডিসি প্রকল্পঃ** ইডিসি প্রকল্পের আওতায় শৈলকুপা উপজেলায় ইউনিয়ন পর্যায়ে ১৫৯টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটির কাজ সমাপ্ত হয়েছে। যা Triangle BD নামক ভেন্ডর প্রতিষ্ঠান কাজ করছে। শৈলকুপা উপজেলায় মোট ৩৩০ টি সরকারি প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটির কাজ হবে। | ১। যথাযথভাবে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ/ Triangle BD |

| | | |
|---|---|---|
| **০৮। আইসিটিডি ল্যাব:** উপজেলা আইসিটি অফিসার, আইসিটি অধিদপ্তর, শৈলকুপা বলেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শৈলকুপা উপজেলায় ১ম পর্যায়ে স্থাপিত ১৪টি আইসিটিডি ল্যাব চালু রয়েছে। ২য় পর্যায়ে ০১টি আইসিটিডি স্কুল অব ফিউচার (মির্জাপুর আমেনা খাতুন মাধ্যমিক বিদ্যালয়) এবং ১৬টি আইসিটিডি ল্যাব স্থাপন করা হয়েছে। উপজেলার সকল ল্যাব কার্যক্রম চালু রয়েছে। ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৮-২০১৯ অর্থবছরে শেখ রাসেল ডিজিটাল ল্যাবপ্রাপ্ত কিছু শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ, ডেস্কটপ, প্রিন্টার নষ্ট/মেরামতযোগ্য অবস্থায় রয়েছে। গত ০৬-০২-২০২১ খ্রিঃ তারিখে শৈলকুপা পাইলট উচ্চ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত আইসিটিডি ল্যাব থেকে দুটি (২) ল্যাপটপ চুরি হয়ে যা বিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিস্থাপন করে দিয়েছেন। গত ০২-০৫-২০২৩ খ্রিঃ তারিখে বিপ্রবগদিয়া মাধ্যমিক বিদ্যালয়ে স্থাপিত আইসিটিডি ল্যাব থেকে চুরি হয়ে যাওয়া ৫টি ল্যাপটপ ও কম্পিউটার সামগ্রী মধ্যে ১টি ল্যাপটপ বিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিস্থাপন করেছেন এবং বাকি ৪টি ল্যাপটপ সহ অন্যান্য চুরিকৃত ল্যাপটপ সামগ্রী পর্যায়ক্রমে কিনবেন মর্মে জানিয়েছেন। গত ১১-০৭-২৪ খ্রিঃ তারিখে মির্জাপুর আমেনা খাতুন মাধ্যমিক বিদ্যালয় আইসিটিডি স্কুল অব ফিউচার দুটি সিপিইউ চুরি হয়েছে শিক্ষা প্রতিষ্ঠান প্রতিস্থাপন করেছে। গত ২২-০৮-২৪ খ্রিঃ তারিখ হিতামপুর মাধ্যমিক বিদ্যালয়ের আইসিটিডি ল্যাব হতে ১৬টি ল্যাপটপ চুরি হয়ে গেছে পরবর্তীতে ২৮-০৮-২০২৪ তারিখ ১৩টি ল্যাপটপ পাওয়া যায়, তিনটি ল্যাপটপ এখনো পাওয়া যায়নি যার একটি শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান ২৫/০৭/২০২৫ খ্রিঃ তারিখ প্রতিস্থাপন করেছেন মর্মে জানিয়েছেন। | ১) ল্যাবগুলোর যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>২) নিয়মিতভাবে ল্যাবগুলো পরিদর্শন করতে হবে।<br>৩) পরিদর্শনকৃত প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৪) ল্যাব সম্বলিত শিক্ষা প্রতিষ্ঠানে সিসিটিভি ক্যামেরার আওতাভুক্ত এবং নিরাপত্তা জোরদার করতে হবে।<br>৫। আইসিটিডি ল্যাব রক্ষনাবেক্ষণ গাইডলাইন অনুযায়ী ল্যাবের চুরিকৃত যন্ত্রাংশ ৩০ দিনের ভিতরে প্রতিস্থাপন করতে হবে। | মাধ্যমিক শিক্ষা অফিসার, শৈলকুপা/ উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা ঝিনাইদহ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




১৫-১০-২০২৫
স্নিগ্ধা দাস
উপজেলা নির্বাহী অফিসার

**নম্বর:** ৫৬.০৪.৪৪৮০.০০০.০০০.০৬.০০০১.২৫.৬৫

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
৪। জেলা আইসিটি অফিসার, জেলা কার্যালয়, ঝিনাইদহ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ।
৫। আইসিটি কমিটি গ্রুপ।
৬। ..........................................................................................কর্মকর্তা (সকল), শৈলকুপা, ঝিনাইদহ।
৭। আইসিটিডি ল্যাব, শৈলকুপা, ঝিনাইদহ।
৮। ইউনিয়ন পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।




১৬-১০-২০২৫
রোকাইয়া তানজিলা
উপজেলা আইসিটি অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ